দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... 16 JUL 1997..
পৃষ্ঠা ৫ কলাম ...৬ ......

# দেশকে নিরক্ষরতামুক্ত করতে সমন্বিত উদ্যোগ নেয়া হয়েছে ॥ শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার আগামী দশ বছরের মধ্যে দেশকে নিরক্ষরতামুক্ত করতে ঐক্যবদ্ধ ও সমন্বিত উদ্যোগ নিয়েছে। হামবুর্গে পাঁচ দিনব্যাপী বয়স্ক শিক্ষা সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলন উদ্বোধনের পর সোমবার এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি আশা প্রকাশ করেন যে, এনজিও এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় তাঁর সরকার দেশকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করতে সক্ষম হবে।

যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধান কেন্দ্রবিন্দু ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কংগ্রেস সেন্টারে অনুষ্ঠিত এই সম্মেলনে ইউনেস্কোর মহাপরিচালক ফেদারিকো মেয়র এবং সম্মেলনের সভাপতি অধ্যাপক ডঃ রিটা সুয়েসমুথও বক্তব্য রাখেন। ডঃ পল বেলাঞ্জার প্রেসমিটের মডারেটর হিসাবে দায়িত্ব পালন করেন। খবর হামবুর্গ থেকে বাসস'র।

শেখ হাসিনা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি বিশেষ করে উন্নয়ন ও শিক্ষা বিস্তারে কর্মরত সংস্থাসমূহকে বাংলাদেশসহ এশীয় দেশগুলোর প্রতি আরও সহযোগিতা প্রদানের জন্য আবেদন জানান।

ক্ষুদ্র ঋণের সাফল্যের ব্যাপারে এক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী যখন বলেন, পুরুষদের চাইতে মহিলারা অপেক্ষাকৃত ভাল ঋণ পরিশোধকারী, তখন সাংবাদিক সম্মেলনস্থলে হাস্যরসের সৃষ্টি হয়।

বাংলাদেশে ক্ষুদ্র ঋণ ব্যবস্থার কথা উল্লেখ করে শেখ হাসিনা বলেন, স্বল্পসংখ্যক বড় ব্যবসায়ীকে বিপুল পরিমাণ অর্থ দেয়ার চাইতে বহু লোককে ক্ষুদ্র ঋণ দেয়া উত্তম। তিনি বলেন, বাংলাদেশের এ অভিজ্ঞতা অন্যান্য দেশও মডেল হিসাবে অনুসরণ করতে পারে।